জৈন্তাপুরে প্রবাসীদের সহযোগিতায় প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে নগদ অর্থ বিতরণ

জৈন্তাপুর সংবাদদাতা ::

জৈন্তাপুর উপজেলার অভাবী, কর্মহীন ও ক্ষতিগ্রস্ত অসহায় প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে নগদ অর্থ বিতরণ করা হয়েছে।

রবিবার ও সোমবার (৯ ও ১০মে) উপজেলার জৈন্তাপুর, নিজপাট ও দরবস্ত ইউনিয়নের তৃণমুলের খেঁটে খাওয়া মুসলিম-অমুসলিম নারী-পুরুষ, কর্মহীন যুবক-যুবতী, কর্মজীবি মহিলা, শিক্ষার্থী ও গ্রামীণ জনপদের অসহায় বৃদ্ধ মানুষের মাঝে প্রবাসী ভাইদের সহযোগীতায় ঈদ উপহার হিসেবে নগদ অর্থ প্রদান করা হয়।

অর্থ বিতরণকালে উপস্থিত ছিলেন সিলেট অনলাইন প্রেসক্লাবের সহ-সভাপতি, দৈনিক আলোকিত সিলেটের নির্বাহী সম্পাদক ও বৃহত্তর জৈন্তিয়া কল্যাণ পরিষদের চেয়ারম্যান সাংবাদিক গোলজার আহমদ হেলাল।এসময় আরো উপস্থিত ছিলেন জৈন্তাপুর বাজারের বিশিষ্ট ব্যবসায়ী, সমাজসেবক ও শ্রমিকনেতা মাহবুব আহমদ, সরকারী প্রাইমারী স্কুলের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক প্রবীণ মুরুব্বী সিরাজুল ইসলাম, দৈনিক আলোকিত সিলেটের আলোকচিত্র সাংবাদিক হোসেইন মিয়া, পরিবহন শ্রমিক মুরাদ হোসেন, কলেজ ছাত্র তানজিল মাহমুদ প্রমুখ।

অর্থপ্রদানকালে গোলজার আহমদ হেলাল বলেন, বৈশ্বিক মহামারী করোনায় মানুষের স্বাভাবিক জীবন যাত্রা বিপর্যস্ত।দিন দিন মানুষ উপার্জন ক্ষমতা হারাচ্ছে।তৃণমূলের প্রান্তিক জনগোষ্ঠী, নিম্ন আয়ের মানুষ ও মধ্যবিত্ত সমাজের লোকজন প্রচন্ড অভাব ও আর্থিক সংকটের মধ্যে রয়েছেন। তাই অসহায় জনগণের পাশে দাঁড়াতে প্রবাসী ও বিত্তবান জনগণসহ সকলের এগিয়ে আসা প্রয়োজন।